

**AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin**

Date 02-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবর:-

- ১) রাজ্যের দুহাজারের বেশি বুথে একশো শতাংশ এনুমারেশন ফর্ম জমা পড়ায় নির্বাচন কমিশন সংশ্লিষ্ট জেলার নির্বাচনী আধিকারিকদের কাছ থেকে বিস্তারিত রিপোর্ট তলব করেছে। আজ সকাল ১০-টার মধ্যে সেই রিপোর্ট জমা দিতে বলা হয়েছে।
- ২) রাজ্যে বিধানসভা নির্বাচনে ব্যয় সংক্রান্ত বিষয়ে নজরদারি চালানোর লক্ষ্যে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আগামী সপ্তাহে সংশ্লিষ্ট দফতরগুলির সঙ্গে এক বৈঠকে বসতে চলেছেন।
- ৩) আরজি কর হাসপাতালের আর্থিক দুর্নীতির মামলায় কেন্দ্রীয় তদন্ত ব্যরো সিবিআই দ্বিতীয় চার্জশিট পেশ করেছে, এতে হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলি সহ দু-জনের নাম রয়েছে।
- ৪) এস এস সি, শিক্ষাকর্মী নিয়োগের জন্য আবেদনের সময়সীমা ৮-ই ডিসেম্বর পর্যন্ত বাঢ়িয়েছে।
- ৫) রাজ্যের বিভিন্ন সরকারী প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ বৈঠকে বসছেন। তারপরই তিনি যাবেন জেলা সফরে।
- ৬) বাতাসের উপরিস্তরে পশ্চিমী ঝঁঝঁর প্রভাবে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা আজ হ্যাঁৎ অনেকটাই বেড়ে গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের দুহাজারের বেশি বুথে একশো শতাংশ এনুমারেশন ফর্ম জমা পড়ায় নির্বাচন কমিশন সংশ্লিষ্ট জেলার নির্বাচনী আধিকারিকদের থেকে বিস্তারিত রিপোর্ট তলব করেছে।

কমিশন সূত্রে জানা গেছে মোট ২,২০৮টি বুথে একটিও ‘আনকলেন্টেবল’ এনুমারেশন ফর্ম পাওয়া যায়নি। অর্থাৎ এই সমস্ত বুথে মৃত বা স্থানান্তরিত কোন ভোটার নেই। আজ সকাল ১০টার মধ্যে এই সমস্ত বুথে এনুমারেশন ফর্ম সম্পর্কিত রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। ওই রিপোর্টে সংশ্লিষ্ট বুথগুলির ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও)-এর সই থাকা বাধ্যতামূলক। জেলা নির্বাচন আধিকারিক (ডিইও)রা সেই রিপোর্টে কাউন্টার সিগনেচার বা পাল্টা স্বাক্ষর করে জমা দেবেন।

এদিকে, নির্বাচন কমিশন এনুমারেশন ফর্মে ভুল তথ্য সংশোধনের সুযোগ দেবে বলে জানিয়েছে। গতকাল এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়। কমিশন সূত্রে জানা গেছে, ভোটারদের তথ্য নথিভুক্ত করার ক্ষেত্রে কোন ভুল হয়ে থাকলে এবার তা সংশোধন করা যাবে। বুথস্তরের আধিকারিক বিএলও এবং ইলেক্টোরাল রেজিস্ট্রেশন অফিসার (ইআরও)-দের ওই সুযোগ দেওয়া হবে।

নির্বাচন কমিশন নিযুক্ত স্পেশাল রোল পর্যবেক্ষক সুরূত গুপ্ত এসআইআর প্রক্রিয়া সম্পর্কিত অভিযোগগুলি সমাধানের জন্য জনসাধারণ, রাজনৈতিক দল ও সংগঠনগুলির সঙে পরামর্শ শুরু করেছেন।

গতকাল, সিপিআই(এম) এবং কংগ্রেসের সদস্যরা গতকাল তাদের উদ্দেগ প্রকাশ করার জন্য বিশেষ রোল পর্যবেক্ষকের সঙে দেখা করেন। এস আই আর ফর্ম জমা দেওয়ার সময়সীমা আরও এক মাস বাড়ানোর দাবি জানিয়ে প্রদেশ কংগ্রেসের এক প্রতিনিধি দল তাঁর কাছে স্মারকলিপি জমা দেন।

অন্যদিকে, এনুমারেশন পর্বের শেষ লগ্নে নিজেদের কাজ প্রায় শেষ করে স্বত্তিতে বিএলও-রা। যাদবপুর বিধানসভা কেন্দ্রের এক বিএলও আকাশবাণীকে জানালেন প্রচুর চাপ নিতে হলেও এ তাঁর কাছে এক সম্পূর্ণ নতুন অভিজ্ঞতা।

(বাইট - চন্দ্রিমা)

বিজেপি অভিযোগ করেছে, কয়েকজন জন ব্লক উন্নয়ন আধিকারিক রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিতভাবে বিএলওদের ওটিপি শেয়ার করার জন্য চাপ দিচ্ছেন। এর উদ্দেশ্য মৃত, স্থানান্তরিত ভোটার এবং অবৈধ বাংলাদেশী অভিবাসীদের নাম এসআইআর প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করা।

এসআইআর তালিকায় বেশকিছু নাম অবৈধভাবে নথিভুক্ত করা হয়েছে এই অভিযোগ করে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর নেতৃত্বে পরিষদীয় দলের সদস্যরা গতকাল মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে স্মারকলিপি জমা দেন।

পরে সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা বলেন, ২৬,২৭ ও ২৮শে নভেম্বর এই তিন দিনে নথিভুক্ত করা নামের সংখ্যা ৫ কোটি ৫০ লক্ষ থেকে আশ্চর্যজনকভাবে বেড়ে ৬ কোটি ৭৫ লক্ষে পৌঁছেছে। এই তিন দিনে এন্ট্রি করা হয়েছে ১ কোটি ২৫ লক্ষ নাম।

(বাইট - শুভেন্দু)

একই সঙ্গে দলের পক্ষ থেকে হিয়ারিং-এর সময় সিসিটিভি চালু রাখা এবং মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডে কন্ট্রোল রুম থেকে তার ওপর নজরদারি চালানোর দাবিও জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডের বাইরে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপি প্রতিনিধি দল এবং বিএলও অধিকার রক্ষা কমিটি'-র সদস্যদের বাদানুবাদের জেরে গতকাল তীব্র উত্তেজনা সৃষ্টি হয়। দু-পক্ষকে সামলাতে পুলিশকে হিমসিম খেতে হয়। পরে বিজেপি নেতাদের কর্ডন করে পুলিশ সেখান থেকে বের করে নিয়ে যায়।

০০০০০০০০০০০০০০০০

রাজ্যে আগামী বিধানসভা নির্বাচনে ব্যয় সংক্রান্ত বিষয়ে নজরদারি চালানোর লক্ষে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল সংশ্লিষ্ট দফতরগুলির সঙ্গে এক বৈঠকে বসতে চলেছেন। আগামী ১১-ই ডিসেম্বর বৃহস্পতিবার কলকাতার Bengal Chamber of Commerce and Industry-তে সকাল সাড়ে ১১ টায় ওই বৈঠক হওয়ার কথা। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দণ্ডের অন্যান্য শীর্ষ আধিকারিক রাজ্য পুলিশের ডিজি, কলকাতার নগরপাল, চিফ পোস্ট মাস্টার জেনারেল ওয়েস্ট বেঙ্গল সার্কেল, ডিরেক্টর জেনারেল অফ ইনকাম ট্যাক্স (ওয়েস্ট বেঙ্গল) রিজার্ভ ব্যাঙ্কের রিজিওনাল ডিরেক্টর, SLBC-র এরাজ্যের আস্ত্রায়ক, কমিশনার অফ কমার্শিয়াল ট্যাক্সেস, কমিশনার অফ Excise , আইজি সীমা সুরক্ষা বল পূর্ব রেলের আইজি ও PCSC RPF সহ ২৫-টি দণ্ডের শীর্ষ

আধিকারিকদের ওই বৈঠকে যোগদানের কথা। রাজ্য বিগত নির্বাচনে ব্যয় সংবেদনশীল নির্বাচনী এলাকা সহ বিভিন্ন বিষয় বৈঠকে পর্যালোচনা করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০

আরজি কর হাসপাতালের আর্থিক দুর্নীতির মামলায় কেন্দ্রীয় তদন্ত ব্যরো সিবিআই দ্বিতীয় চার্জশিট পেশ করেছে।

আলিপুরে বিশেষ সিবিআই আদালতে গতকাল পেশ করা এই চার্জশিট হাসপাতালের প্রাক্তন ডেপুটি সুপার আখতার আলির নাম রয়েছে। তিনিই এই দুর্নীতির অভিযোগে সরব হয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেন, সিবিআই তদন্তেরও দাবি জানান। সেই মামলাতেই বিচারপতি রাজৰ্বি ভরদ্বাজ এই দুর্নীতি নিয়ে সিবিআই-কে তদন্তভার দিয়েছিলেন। চার্জশিটে আখতার আলি ছাড়াও শশীকান্ত চন্দক নামে আর এক অভিযুক্তের নাম রয়েছে। দু-জনের বিরুদ্ধেই গুরুতর আর্থিক অনিয়ম ও দুর্নীতিতে জড়িত থাকার প্রমাণ মিলেছে বলে চার্জশিটে উল্লেখ করা হয়। আদালত সূত্রে জানা গেছে, এটিই সম্ভবত এই মামলার চূড়ান্ত চার্জশিট।

এদিকে, আর জি কর হাসপাতালে দুর্নীতির তদন্তের দাবিতে যিনি মামলা করলেন, তিনিই এতে জড়িত বলে সিবিআইয়ের চার্জশিটে যে উল্লেখ করা হয়েছে তাতে হতবাক্ সংশ্লিষ্ট মহল।

০০০০০০০০০০০০০০০০

২৬ হাজার চাকরি বাতিলের নির্দেশ পুনর্বিবেচনা এবং নতুন নিয়োগ প্রক্রিয়ায় স্থগিতাদেশের আবেদন সুপ্রিম কোর্ট ফের একবার খারিজ করে দিয়েছে। প্রধান বিচারপতি সুর্যকান্ত ও বিচারপতি জয়মাল্য বাগচির বেঞ্চ স্পষ্ট জানিয়েছে, চাকরি বাতিলের রায়ে নতুন করে হস্তক্ষেপ করবে না শীর্ষ আদালত। পাশাপাশি এস এস সি-র যে নতুন নিয়োগ প্রক্রিয়া হচ্ছে তাতে স্থগিতাদেশ দিতেও অস্বীকার করেছে বেঞ্চ।

উল্লেখ, এর আগে সুপ্রিম কোর্টের অন্য একটি বেঞ্চ এস এস সি নিয়োগ সংক্রান্ত সমস্ত মামলা কলকাতা হাইকোর্টে ফেরত পাঠ্য়েছে।

০০০০০০০০০০০০০০০০

এদিকে, স্কুল সার্ভিস কমিশন শিক্ষাকর্মী নিয়োগের জন্য আবেদনের সময়সীমা বাড়িয়েছে। গ্রুপ সি ও গ্রুপ ডি পদে ৮ ডিসেম্বর পর্যন্ত অনলাইনে আবেদন জানানো যাবে। তেশরা নতুনের থেকে আবেদন জানানোর কাজ চলছে। এর আগে এই সময়সীমা তেশরা ডিসেম্বর পর্যন্ত থাকলেও, তা বাড়িয়ে আগামী ৮ তারিখ পর্যন্ত করা হয়।

উল্লেখ্য, গ্রুপ-সি-তে ২ হাজার ৯-শো ৮৯-টি এবং গ্রুপ-ডি-তে ৫ হাজার ৪-শো ৮৮টি শূন্য পদের জন্য নিয়োগ হবে। কমিশন সূত্রে জানা গেছে এখনো পর্যন্ত ১০ লক্ষ আবেদন জমা পড়েছে। তবে ২০১৬ এর তুলনায় তা কম।

00000000000000000000

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা।
এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।
আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

00000000000000000000

রাজ্যে বিভিন্ন সরকারি প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ বৈঠকে বসছেন। নবান্ন সংলগ্ন সভাঘরে প্রস্তাবিত এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে মুখ্যসচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্রসচিব নন্দিনী চক্রবর্তী ডিজি রাজীব কুমার ছাড়াও সব দণ্ডরের সচিবকে নির্দেশ দেওয়া হয়েছে। সব জেলাশাসকরাও ভার্চুয়ালী বৈঠকে যোগ দেবেন। বৈঠকে বিভিন্ন দণ্ডরের কাজের অগ্রগতি নিয়ে বার্ষিক রিপোর্ট পেশ করা হতে পারে।

অন্যদিকে, আজকের বৈঠকের পরেই মুখ্যমন্ত্রীর মূর্শিদাবাদ রওনা হওয়ার কথা। এস আই আর-এর বিরোধিতা সহ বেশকিছু কর্মসূচী নিয়ে মূর্শিদাবাদ থেকেই শুরু হচ্ছে মুখ্যমন্ত্রীর জেলা সফর। আগামীকাল মালদার গাজলে একটি জনসভা করবেন তিনি। এছাড়াও চার তারিখ বহরমপুরে প্রশাসনিক বৈঠকে যোগ দেবেন মুখ্যমন্ত্রী। আগামী ৯ তারিখ কোচবিহারে একটি পদ্যাত্ত্বার পর জনসভা করবেন মুখ্যমন্ত্রী।

00000000000000000000

তাল গাছের ডোঙা নিয়ে সুন্দরবনের নদী খাঁড়িতে মাছ ধরতে যাওয়া প্রাক্তিক মৎস্যজীবীদের ধর্ণা নবম দিনে পড়ল। গত একুশে নভেম্বর বিশ্ব মৎস্যজীবী দিবসে কুলতলী বিট অফিসের সামনে তৈরি করা ধরনা মধ্যে ভেঙে দেবার অভিযোগে দক্ষিণ বঙ্গ মৎস্যজীবী ফোরাম এই কর্মসূচি শুরু করে। এর মধ্যে মৈপিঠ কোস্টাল থানার ও সি র মধ্যস্থতায় সমস্যা মেটানোর চেষ্টা ব্যর্থ হলে বন্যপ্রাণের হাত থেকে রক্ষা পেতে সংগঠনের পক্ষ থেকে পূর্ব গুড়গুড়িয়া গ্রামের শীতলা মন্দির বটতলায় ধর্ণা মধ্যে স্থানান্তর করা হয়। সংগঠনের সম্পাদক মিলন দাস জানিয়েছেন, বার্ষিক নবীকরণযোগ্য পারমিট এর জন্য ব্যক্তিগত আবেদন পত্র বন্দণ্ডের গ্রহণ করছে না। সুন্দরবন ব্যাস্ত প্রকল্পের সম্প্রসারণ বাতিল এবং তিন মাস নদী খাঁড়িতে মাছ ধরায় নিষেধাজ্ঞা চলাকালীন রাজ্য সরকারের ঘোষণামত পাঁচ হাজার টাকা ভাতা অবিলম্বে চালু করতে হবে বলে দাবী জানানো হয়েছে।

০০০০০০০০০০০০০০০০

বাতাসের উপরিস্তরে পশ্চিমী ঝঁঝঁার প্রভাবে কলকাতায় সর্বনিম্ন তাপমাত্রা আজ হঠাতে অনেকটাই বেড়ে গেছে। সকালে আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০ ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে যা প্রায় সাড়ে তিন ডিগ্রি বেশি।

পশ্চিমী ঝঁঝঁার কারণে গতকাল থেকেই আকাশ মেঘলা, তবে আজ থেকে তা কেটে যাওয়ার সম্ভাবনা।

আগামীকাল থেকে উত্তরে বাতাসের শক্তি কিছুটা বাঢ়বে ফলে রাজ্যের প্রায় সব জেলাতেই সর্বনিম্ন তাপমাত্রা ২ থেকে ৪ ডিগ্রি পর্যন্ত কমতে পারে বলে আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় প্রধান ডঃ হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণী কে জানিয়েছেন।

(বাইট)

০০০০০০০০০০০০০০০০

পূর্ব রেলের হাওড়া ডিভিশনে বর্ধমান - খানা সেকশনে খানা স্টেশনে আজ (02.12.25) থেকে আগামী ৮ ই ডিসেম্বর পর্যন্ত ল্যাডের শিফটিং সহ প্রি নন - ইন্টারলকিং ও নন ইন্টারলকিং এর কাজ চলবে। সে কারণে এই সময় ট্রেন চলাচলে নিয়ন্ত্রণ করা হবে।

এদিকে প্রি নন ইন্টারলকিং এবং নন ইন্টারলকিং কাজের জন্য ৫ ডিসেম্বর থেকে ৭ ডিসেম্বর পর্যন্ত ১৮ টি MEMU পরিষেবা এবং ১৪ টি মেল / এক্সপ্রেস ট্রেন বাতিল থাকবে। ৩১ টি মেল / এক্সপ্রেস ট্রেন ভিন্ন পথে চালানো হবে।

যে সব মেল এক্সপ্রেস ট্রেন বাতিল থাকবে সেগুলি হল আপ ও ডাউন শিয়ালদা -
রামপুরহাট - শিয়ালদা মা তারা এক্সপ্রেস, হাওড়া - বোলপুর - হাওড়া শান্তিনিকেতন
এক্সপ্রেস, হাওড়া - রামপুরহাট - হাওড়া এক্সপ্রেস, হাওড়া - মালদা টাউন - হাওড়া
ইন্টারসিটি এক্সপ্রেস , হাওড়া - সিউড়ি - হাওড়া হল এক্সপ্রেস, 12383/12384 শিয়ালদা -
আসানসোল - শিয়ালদা ইন্টারসিটি এক্সপ্রেস, 13179/13180 শিয়ালদা - সিউড়ি - শিয়ালদা
MEMU এক্সপ্রেস।

এছাড়া , আগামী ৫ ডিসেম্বর থেকে ৮ ডিসেম্বর পর্যন্ত দুজোড়া মেমু ট্রেন ও এক জোড়া MEMU এক্সপ্রেস ট্রেন এর যাত্রাপথ সংক্ষিপ্ত করা হবে ।

oooooooooooooooooooooooooooooooooooo